জেলা শিল্পকলা একাডেমি, সিলেট
shilpakala.sylhet.gov.bd

নম্বর : ৪৩.২০.৯১০০.০০১.১৬.০০১.২০.৩৫

তারিখ : ১৮ ফাল্গুন ১৪২৮ / ০৩ মার্চ ২০২২

# সম্পাদিত কার্যক্রমের প্রতিবেদন : ফেব্রুয়ারি ২০২২

**০১। বসন্ত উৎসব আয়োজন :** করোনাজনিত বিধি-নিষেধের কারণে স্বাস্থ্যবিধি মেনে সীমিত সংখ্যক দর্শকের উপস্থিতিতে জেলা শিল্পকলা একাডেমি সিলেট ১লা ফাল্গুন ১৪২৮ (১৪ ফেব্রুয়ারি) গান ও নৃত্যের বর্ণিল পরিবেশনায় বরণ করে ঋতুরাজ বসন্তকে। বসন্ত বরণ উপলক্ষে বিকাল ৫টায় নগরীর পূর্ব শাহী ঈদগাহস্থ শিল্পকলা একাডেমি মিলনায়তনে আয়োজন করা হয় এই অনুষ্ঠানের। মঙ্গল প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে উৎসবের শুভ উদ্বোধন করা হয়। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সভাপতিত্বে উদ্বোধনী পর্বে উপস্থিত ছিলেন সম্মিলিত সাংস্কৃতিক জোট সিলেটের সাধারণ সম্পাদক গৌতম চক্রবর্তী, নিশিতা ফুডসের ব্যবস্থাপনা পরিচালক প্রতীক পাল, ইমরান আহমদ সরকারি মহিলা কলেজের সহকারী অধ্যাপক মুক্তি বড়ুয়া, জেলা শিল্পকলা একাডেমির প্রশিক্ষক পূর্ণিমা দত্ত রায়, অরুণ কান্তি তালুকদার এবং প্রাক্তন প্রশিক্ষক প্রসেনজিৎ দে শিপলু। আবৃত্তিশিল্পী রোহেনা সুলতানার সঞ্চালনায় উৎসবের সাংস্কৃতিক পরিবেশনায় ছিলেন জেলা শিল্পকলা একাডেমির সংগীত ও নৃত্য বিভাগ, শিল্পাঙ্গণ সিলেট, একাডেমি ফর মণিপুরী কালচার এন্ড আর্টস সিলেট ও ছন্দনৃত্যালয় সিলেট এবং একক পরিবেশনায় ছিলেন বিরহী কালা মিয়া, গৌতম চক্রবর্তী, পল্লবী দাস মৌ ও তমা পাল। অনুষ্ঠানটি একই সঙ্গে জেলা শিল্পকলা একাডেমির ফেসবুক পেইজে সরাসরি সম্প্রসারিত হয়।

**০২। ক্যাম্পাস থিয়েটার আন্দোলন সিলেট জেলা সংসদের আয়োজনে সহযোগিতা :** ক্যাম্পাস থিয়েটার আন্দোলন সিলেট জেলা সংসদের আয়োজনে এবং জেলা শিল্পকলা একাডেমি সিলেটের সহযোগিতায় দিনব্যাপী কর্মসূচি, সম্মেলন, কর্মশালা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও সনদপত্র প্রদান করা হয়। প্রথম পর্বে দিনব্যাপী নাট্য বিষয়ক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠান সকাল ১০টা অনুষ্ঠিত হয়। দ্বিতীয় পর্বে সম্মেলন, সাংস্কৃতিক অনুষ্ঠান ও সনদপত্র প্রদান করা হয়।

**০৩। বাংলাদেশ শিল্পকলা একাডেমির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন :** বাংলাদেশ শিল্পকলা একাডেমির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকীতে বর্ণাঢ্য আয়োজন আর বর্ণিল পরিবেশনার মধ্য দিয়ে সিলেট জেলা শিল্পকলা একাডেমি উদ্‌যাপন করে দিনটি। এ উপলক্ষে ১৯ ফেব্রুয়ারি বিকাল ৪:৩০টায় স্বাস্থ্যবিধি মেনে নগরীর পূর্ব শাহী ইদগাহস্থ একাডেমি মিলনায়তনে আয়োজন করা হয় আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের। 'শিল্প-সংস্কৃতি ঋদ্ধ সৃজনশীল মানবিক বাংলাদেশ' প্রতিপাদ্যকে ধারণ করে আয়োজিত প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানটি কেক কাটার মধ্য দিয়ে শুভ উদ্বোধন করেন প্রধান অতিথি সিলেটের জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্ত-এর সভাপতিত্বে অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সিলেট মোহাম্মদ মোবারক হোসেন, মদনমোহন কলেজের প্রাক্তন অধ্যক্ষ ও জেলা শিল্পকলা একাডেমি এডহক কমিটির সদস্য ড. আবুল ফতেহ ফাত্তাহ, সিলেট সরকারি মহিলা কলেজের প্রাক্তন অধ্যক্ষ ও বাচিকশিল্পী প্রফেসর শামীমা চৌধুরী, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও সংগীতশিল্পী হিমাংশু বিশ্বাস ও সম্মিলিত সাংস্কৃতিক জোট সিলেটের সাধারণ সম্পাদক গৌতম চক্রবর্তী। আবৃত্তিশিল্পী রোহেনা সুলতানার সঞ্চালনায় সাংস্কৃতিক পরিবেশনায় ছিলেন জেলা শিল্পকলা একাডেমির সংগীত, নৃত্য ও আবৃত্তি বিভাগ, উপজেলা শিল্পকলা একাডেমি ফেঞ্চুগঞ্জ ও ললিত-মঞ্জরী সিলেট এবং একক পরিবেশনায় ছিলেন হিমাংশু বিশ্বাস, শামীমা চৌধুরী, বাউল সূর্য্যলাল দাস, স্নেহা দাস ও মনোরমা দাস ধৃতি। অনুষ্ঠানটি একই সঙ্গে জেলা শিল্পকলা একাডেমির ফেসবুক পেইজে সরাসরি সম্প্রসারিত হয়।

[চলমান পাতা - ২]

০৪। **মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উদ্‌যাপন :** জাতীয় কর্মসূচির অংশ হিসেবে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় শিল্পকলা একাডেমিতে উদযাপিত হলো। দিবসটি উদ্‌যাপন উপলক্ষে জেলা প্রশাসন ও জেলা শিল্পকলা একাডেমি সিলেটের উদ্যোগে ২১ ফেব্রুয়ারি সকাল ১১:৩০টায় নগরীর পূর্ব শাহী ঈদগাহস্থ শিল্পকলা একাডেমির মিলনায়তনে আয়োজন করা হয় আলোচনা সভা, পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের। অনুষ্ঠানে সিলেটের জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান-এর সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন সিলেটের বিভাগীয় কমিশনার ড. মুহাম্মদ মোশাররফ হোসেন। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের পরিচালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন সিলেট রেঞ্জের ডিআইজি মফিজ উদ্দিন আহম্মেদ পিপিএম, সিলেট মেট্রোপলিটন পুলিশ কমিশনার মোঃ নিশারুল আরিফ; পুলিশ সুপার মোহাম্মদ ফরিদ উদ্দিন পিপিএম; মহানগর আওয়ামী লীগের সভাপতি মাসুক উদ্দিন আহমদ; জেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি শফিকুর রহমান চৌধুরী; মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অধ্যাপক জাকির হোসেন ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ সিলেট মহানগর ইউনিটের সাবেক কমান্ডার ভবতোষ রায় বর্মণ। ভাষা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বিশিষ্ট শিক্ষাবিদ ও ভাষা সৈনিক অধ্যাপক মো. আবদুল আজিজকে বিশেষ সম্মাননা প্রদান করা হয়। এরপর দিবসটি উদযাপন উপলক্ষে জেলা শিল্পকলা একাডেমি আয়োজিত ভাষার গান ও চিত্রাংকন বিষয়ক প্রতিযোগিতার বিজয়ী ১৮জন শিক্ষার্থীর হাতে পুরস্কার হিসেবে সনদপত্র, মেডল ও বই তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি। আলোচনা পর্ব শেষে আবৃত্তিশিল্পী রোহেনা সুলতানার উপস্থাপনায় দিবসভিত্তিক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। সাংস্কৃতিক পর্বে দলীয় ও একক পরিবেশনায় অংশগ্রহণ করেন জেলা শিল্পকলা একাডেমির সংগীত ও নৃত্য দল, একাডেমি ফর মণিপুরী কালচার এন্ড আর্ট, ছন্দনৃত্যালয়, খাসি স্টুডেন্ট ইউনিয়ন, মোকাদ্দেস বাবুল ও তন্বী দেব। এছাড়াও জেলা শিল্পকলা একাডেমি কর্তৃক ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন স্বরূপ সকাল ৮:৩০টায় সিলেট কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পনের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।

০৫। **২০২২ শিক্ষাবর্ষের প্রশিক্ষণার্থীদের নবীন বরণ :** ২০২২ শিক্ষাবর্ষের সকল বিষয়ের নবীন প্রশিক্ষণার্থীদের বরণ উপলক্ষে সিলেট জেলা শিল্পকলা একাডেমির উদ্যোগে ২৪ ফেব্রুয়ারি আয়োজন করা হয়েছে নবীন বরণ অনুষ্ঠানের। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন সিলেটের জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান। এতে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব বীর মুক্তিযোদ্ধা ভবতোষ রায় বর্মণ এবং সিলেট সরকারি মহিলা কলেজ প্রাক্তন অধ্যক্ষ ও বিশিষ্ট বাচিকশিল্পী প্রফেসর শামীমা চৌধুরী। নবীন শিক্ষার্থীদের ফুল ও মিষ্টিমুখের মধ্য দিয়ে শেষ হয় প্রথম পর্বের আনুষ্ঠানিকতা। আবৃত্তিশিল্পী রোহেনা সুলতানার উপস্থাপনায় অনুষ্ঠানের দ্বিতীয় পর্ব সাংস্কৃতিক আয়োজনে সংগীত পরিবেশন করেন চ্যানেল আই সেরা কণ্ঠশিল্পী মোহন রায় ও পুষ্পা চৌধুরী এবং নৃত্য পরিবেশন করেন প্রতিভা রায় কেয়া ও শ্রুতি ঘোষ।

০৬। **স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় নির্দেশিত সিলেট জেলা পর্যায়ে প্রতিযোগিতা ২০২২-এর ব্যবস্থাপনা :** স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় নির্দেশিত সিলেট জেলা পর্যায়ের সংগীত ও নৃত্য বিষয়ের প্রতিযোগিতা ২৪ ফেব্রুয়ারি জেলা শিল্পকলা একাডেমিতে আয়োজন করা হয়। দুটি প্রতিযোগিতা প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক মিক্ষা ও উচ্চ মাধ্যমিক শিক্ষা এই তিনটি বিভাগে অনুষ্ঠিত হয়। উক্ত প্রতিযোগিতাটি জেলা প্রশাসন, সিলেটের আয়োজনে এবং জেলা শিল্পকলা একাডেমি সিলেটের ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হয়।

০৭। **প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম :** বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রণীত প্রশিক্ষণকেন্দ্র পরিচালন নীতিমালা ও নির্ধারিত পাঠ্যক্রমের আলোকে সিলেট জেলা শিল্পকলা একাডেমির বছরব্যাপী নিয়মিত কার্যক্রম সংগীত, নৃত্য, নাটক, তালবাদ্যযন্ত্র, চারুকলা ও আবৃত্তি বিষয়ে শিশু ও সাধারণ বিভাগের আওতায় শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। স্বাস্থ্যবিধি মেনে ২৪ ফেব্রুয়ারি ২০২২ থেকে নতুন বছরের প্রশিক্ষণ ক্লাস অনুষ্ঠিত হচ্ছে।

[চলমান পাতা - ৩]

০৮। **লাইব্রেরী সংক্রান্ত কার্যক্রম :** জেলা শিল্পকলা একাডেমিতে একটি সুসজ্জিত লাইব্রেরি রয়েছে। লাইব্রেরিটিতে বর্তমানে পাঠকদের পড়ার জন্য সর্বমোট ১১৪২টি বই রয়েছে। পাশাপাশি বিক্রির জন্য শিল্প-সাহিত্য-সংস্কৃতির বইও রয়েছে। জেলা শিল্পকলা একাডেমির প্রশিক্ষণার্থী, প্রশিক্ষণার্থীদের অভিভাবক ছাড়াও এখানকার শিল্পী-সংস্কৃতিকর্মী এবং শিক্ষার্থীরা নিয়মিত লাইব্রেরিতে বই পড়তে আসেন। শুধুমাত্র বই পড়া কার্যক্রমের মধ্যে সীমাবদ্ধ না থেকে এর আওতায় নিয়মিত মাসিক পাঠচক্রেরও আয়োজনা করা হয়। স্বাস্থ্যবিধি মেনে সুষ্ঠুভাবে এই কার্যক্রমটি পরিচালিত হচ্ছে।

সংযুক্ত :
১. ৬.৪.. কপি ছবি।
২. .... পেপার কাটিং৪টি।

০৩/০৩/2022

(অসিত বরণ দাশ গুপ্ত)
জেলা কালচারাল অফিসার
সিলেট
ফোন : ০৮২১-৭১৯০৫৮
sylhet@shilpakala.gov.bd

মহাপরিচালক
বাংলাদেশ শিল্পকলা একাডেমি
সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

অনুলিপি : সদয় অবগতির জন্য
১. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, সিলেট।